



## ক্লিনিক্যাল সাইকোলজি বিভাগ ঢাকা বিশ্ববিদ্যালয়

### এম.এস. ভর্তি বিজ্ঞপ্তি (পুনঃবিজ্ঞপ্তি)

ক্লিনিক্যাল সাইকোলজি বিভাগের দেড় বছর মেয়াদী এম.এস কোর্সের ২০২১-২০২২ সেশনে (২য় ব্যাচ) ভর্তির জন্য দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। প্রার্থীকে অবশ্যই এস.এস.সি ও এইচ.এস.সি পরীক্ষায় ন্যূনতম সি.জি.পি.এ ৩.৫০ এবং যে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়/কলেজ থেকে মনোবিজ্ঞানে ন্যূনতম ৫০% নম্বর অথবা গ্রেডিং পদ্ধতিতে ন্যূনতম সি.জি.পি.এ ৩.০০ সহ ৪ বছরের স্নাতক সম্মান ডিগ্রি অথবা মনোবিজ্ঞানে তিন বছরের সম্মান ও এক বছরের এম.এসসি/এম.এস ডিগ্রি থাকতে হবে। যে সকল শিক্ষার্থী মনোবিজ্ঞানে ৪ বছরের স্নাতক সম্মান পরীক্ষা দিয়েছে অথবা ক্লিনিক্যাল সাইকোলজি বিষয়ে ৪ বছরের স্নাতক সম্মান ডিগ্রি সম্পন্ন করেছে তারাও আবেদন করার যোগ্য বলে বিবেচিত হবে।

আগ্রহী প্রার্থীদেরকে নগদ ১,৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা প্রদানপূর্বক আগামী ১৯/০২/২০২৩ তারিখ পর্যন্ত বিকেল ৩.০০ টার মধ্যে বিভাগীয় অফিস, কক্ষ নং-৫০১৭ (৫ম তলা), কলাভবন থেকে আবেদনপত্র সংগ্রহ করে সকল পরীক্ষার সত্যায়িত মার্কশীট ও পাসপোর্ট সাইজের ২ কপি ছবিসহ উক্ত আবেদনপত্রটি জমা দিতে হবে।

লিখিত পরীক্ষা	:	২০/০২/২০২৩ (সোমবার) সকাল ১০.৩০টা - দুপুর ১.০০টা পর্যন্ত
লিখিত পরীক্ষার ফল প্রকাশ	:	২২/০২/২০২৩ (বুধবার) বিকেল ৪.০০টা [বিভাগীয় নোটিশ বোর্ড]
মৌখিক পরীক্ষা	:	২৩/০২/২০২৩ (বৃহস্পতিবার) সকাল ১০.০০টা
চূড়ান্ত ফল প্রকাশ	:	২৩/০২/২০২৩ (বৃহস্পতিবার) বিকেল ৫.০০টা [বিভাগীয় নোটিশ বোর্ড]

ভর্তি সংক্রান্ত বিস্তারিত তথ্যের জন্য যোগাযোগ করুন : ০১৭৩১-৭০৯০৯৯, ৯৬৬১৯০০/৭৮০১, ০১৭৬১-৭২২৯৩৬

*Jobeda*  
25-1-23

**Jobeda Khatun**  
Chairman  
Dept. of Clinical Psychology  
University of Dhaka